প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ১১০টি প্রতিষ্ঠানকে ৯.২৬ লক্ষ টাকা জরিমানা

৯ এপ্রিল ২০১৯ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৪৬ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর চট্টগ্রাম মহানগর, জামালপুর, রাজবাড়ী, ফরিদপুর, মানিকগঞ্জ, কিশোরগঞ্জ, গাজীপুর, গোপালগঞ্জ, মুন্সীগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, মাদারীপুর, মৌলভীবাজার, চুয়াডাঙ্গা, লালমনিরহাট, রাজশাহী, সিরাজগঞ্জ, ঝিনাইদহ, বরগুনা, নোয়াখালী, বরিশাল, নাটোর, কক্সবাজার, পিরোজপুর, বাগেরহাট, খুলনা, কুমিল্লা, বগুড়া, সিলেট, মাগুরা, কুষ্টিয়া, ফেনী, দিনাজপুর, রংপুর ও ঠাকুরগাঁও এ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ মাসুম আরেফিন, জনাব প্রনব কুমার প্রামানিক, ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক জনাব মনজুর মোহাম্মদ শাহরিয়ার, সহকারী পরিচালক জনাব রজবী নাহার রজনী, জনাব ফাহমিনা আক্তার, জনাব জান্নাতুল ফেরদাউস ও ঢাকা জেলা কার্যালয়েরসহকারী পরিচালক জনাব মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক ওয়ারী, মতিঝিল, সূত্রাপুর, পল্টন, বংশাল এলাকায় বাজার তদারকি পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরির অপরাধে সুবর্ণ হোটেল এন্ড রেস্টুরেন্ট, ক্যাফে ইউসুফ, বিসমিল্লাহ হোটেল, এরোমা কনফেকশনারী এন্ড স্ন্যাকস বার, পূর্ণি মা স্ন্যাকস বার, আল নাসির সুইটস, মহিউদ্দিন হোটেল, ইসলামিয়া রেস্তোরা, আল রাজ্জাক হোটেল ও হামিম হোটেলকে যথাক্রমে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ১২,০০০/- (বার হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১৫,০০০/- (পনের হাজার) টাকা, ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও ১০,০০০/- (দশ হাজার) টাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রির অপরাধে সোনিয়া ফার্মেসী, দি মেডিসিন সেন্টার ও জাকির ফার্মেসীকে যথাক্রমে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ও ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে শফিক জেনারেল স্টোর, হোসেন ফুড স্টোর ও মামা ভাগিনা মাংসের দোকান, মা বাবার দোয়া গোশত বিতানকে যথাক্রমে ১,০০০/- (এক হাজার) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা, ৫০০/- (পাঁচশত) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে Bong & Rosh, আল নাসির সুইটস, হামীম ফুডস আল রাজ্জাক হোটেল, আদি বনফুল ও নিলয় ফার্মেসীকে যথাক্রমে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট **৩,৬০,৫০০/- (তিন লক্ষ ষাট হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী **৩৯টি** বাজার তদারকির মাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধবিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য, ওজনে কারচুপির, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করারঅপরাধে ৮০**টি** প্রতিষ্ঠানকে **৫,০২,০০০/- (পাঁচ লক্ষ দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে **৯টি** প্রতিষ্ঠানকে **৬৪,০০০/- (চৌষট্টি হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **৯ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১৬,০০০/- (ষোল হাজার)** টাকা প্রদান করা হয়।

গত ৯ এপ্রিল ২০১৯ তারিখে **৪৬টি** বাজার তদারকি ও **৯টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **১১০টি** প্রতিষ্ঠানকে মোট **৯,২৬,৫০০/- (নয় লক্ষ ছাব্বিশ হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং আদায়কৃত জরিমানা হতে **৯ জন** অভিযোগকারীকে **১৬,০০০/- (ষোল হাজার)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, সিভিল সার্জন, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
আফরোজা রহমান
সহকারী পরিচালক
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

প্রাপক,

১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/ সময় টিভি/ চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/ এশিয়া টিভি/ মাইটিভি/ বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/ দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক সংগ্রাম/ দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকণ্ঠ/ দৈনিক আমাদের অর্থনীতি/ দৈনিক বণিক বার্তা/বার্তা/দৈনিক আমার কাগজ/ভোক্তা কন্ঠ.কম/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে (তাঁর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে/দাপ্তরিক নোটিশ বোর্ডে সংযুক্ত ছকটি ব্যাপক প্রচারের জন্য)

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৫। পুলিশ কমিশনার (সকল)।
৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। পুলিশ সুপার (সকল)।
৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১০। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।